



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা
www.sunamganj.gov.bd



নম্বর: ০৫.৪৬.৯০০০.০০০.০২৩.২৫.০০০১.২৩.২০৬

তারিখ: ২ আশ্বিন ১৪৩৩
১৭ সেপ্টেম্বর ২০২৬

গণবিজ্ঞপ্তি

বিষয়: অত্যাবশ্যকীয় পণ্যের ডিলিং লাইসেন্স গ্রহণ ব্যতীত ব্যবসা পরিচালনা বন্ধ এবং ডিলিং লাইসেন্স গ্রহণ/নবায়ন সংক্রান্ত।

এতদ্বারা সুনামগঞ্জ জেলার সকল সংশ্লিষ্ট ব্যবসায়ী, প্রতিষ্ঠান ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন-১৯৫৬, অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ-১৯৮১, স্বর্ণ (সংগ্রহ, মজুদ ও বিতরণ) আদেশ-১৯৮৭ এবং ১৫ জুলাই ২০১২ তারিখে সরকার ঘোষিত অত্যাবশ্যকীয় পণ্যসমূহের তালিকা অনুযায়ী নিম্নবর্ণিত অত্যাবশ্যকীয় পণ্যের ব্যবসা/লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য ডিলিং লাইসেন্স গ্রহণ করা আবশ্যিক।

অত্যাবশ্যকীয় পণ্যের তালিকা

১) লৌহ ও ইস্পাতজাত দ্রব্য	২২) খাদ্য দ্রব্য (খাদ্য দ্রব্য বলতে ভোজ্য তেলবীজ ও সয়াবিন তেল, সরিষার তেল, ভেজিটেবল ঘি ও পাম ওয়েল অন্তর্ভুক্ত হইবে)
২) সিমেন্ট	২৩) ড্রাগ ও ঔষধ, ইনজেকশন দ্বারা প্রস্তুত করানো হয় এইরূপ ঔষধসহ (এ্যালোপেথিক)
৩) সূতি কাপড় (পাইকারী ও খুচরা)	২৪) কাগজ, যাহার অন্তর্ভুক্ত পেপার বোর্ড, পাল্প বোর্ড, ওয়াল বোর্ড, ফাইবার বোর্ড, স্ট্র বোর্ড, বক্স বোর্ড, সেলুলস ওয়েডিং, সেলুলস ফিল্ম এবং যাহা সম্পূর্ণরূপে বা প্রধানত শাকসবজির
৪) সূতা (পাইকারী ও খুচরা)	আঁশ বা মন্ড হইতে অথবা উক্ত আঁশ ও মন্ডের উভয়টি হইতে উৎপাদিত একইরূপ অন্যান্য দ্রব্য, কিন্তু আঁশ বা মন্ড ইহার অন্তর্ভুক্ত নহে (কাগজ বলতে নিউজপ্রিন্ট অন্তর্ভুক্ত হইবে)
৫) জুয়েলার্স	২৫) বৈজ্ঞানিক ও পরীক্ষাগার যন্ত্রপাতিসহ, কাঁচ ও কাঁচের জিনিসপত্র
৬) স্বর্ণকারিগরী	২৬) রোগীর খাদ্য এবং সমজাতীয় দ্রব্যাদি
৭) শিশুখাদ্য/দুগ্ধ খাদ্য	২৭) যান্ত্রিকভাবে তৈরিকৃত সাবান (কাপের কাঁচার ও গায়ে ব্যবহারের)
৮) সিগারেট (পাইকারি ও পরিবেশক)	২৮) তুলা ও পশমী বস্ত্র
৯) স্যানিটারি ও পানি সরবরাহের সরঞ্জামাদি (পাইকারি ও খুচরা)	২৯) অন্ন
১০) বৈদ্যুতিক যন্ত্রপাতি (বেতার এবং ট্রানজিস্টার, ২০ ইঞ্চি পর্যন্ত টেলিভিশন, বৈদ্যুতিক বাতি (ফ্লুরোসেন্ট বাল্ব ছাড়া), বৈদ্যুতিক পাখা)	৩০) গ্যাসসহ রাসায়নিক দ্রব্যাদি
১১) তার ও কেবলসহ বৈদ্যুতিক ও বেতার পণ্য ও যন্ত্রপাতি	৩১) কৃত্রিম রেশমী সূতা
১২) কয়লা	৩২) দিয়াশলাই
১৩) চিনি	৩৩) কাঠ
১৪) সাইকেল, উহার খুচরা যন্ত্রাংশ এবং উহার জন্য একই জাতীয় টায়ার ও টিউব	৩৪) সার
১৫) যন্ত্র চালিত যানবাহন, উহার খুচরা যন্ত্রাংশ এবং টায়ার ও টিউব	৩৫) চর্বি
১৬) মসলা (আদা, রসুন, দারুচিনি, লবঙ্গ, এলাচ, ধনিয়া, জিরা, পেঁয়াজ, মরিচ, হলুদ, তেজপাতা)	৩৬) টর্চের ব্যাটারী
১৭) খাবার লবণ (বিট লবণ ব্যতীত)	৩৭) কেরোসিন তেল
১৮) কাগজ ও নিউজপ্রিন্ট	৩৮) ড্রাই সেল ব্যাটারি
১৯) টেক্সটাইল (কটন কাপড় ও সূতা)	
২০) ডাল জাতীয় ফসল (মসুর ডাল, মুগ ডাল, ছোলা, মটরগুটি, অড়হর, মাষকলাই ইত্যাদি)	
২১) চিকিৎসা ও শল্য-চিকিৎসা সংক্রান্ত যন্ত্রপাতি	

০২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল ব্যবসায়ী/প্রতিষ্ঠানকে নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো-

ক। অত্যাৱশ্যকীয় পণ্যের ব্যবসা পরিচালনার পূর্বে জেলা প্রশাসনের নিকট হতে প্রযোজ্য ডিলিং লাইসেন্স গ্রহণ করতে হবে।

খ। ডিলিং লাইসেন্স ব্যতীত অত্যাৱশ্যকীয় পণ্যের ব্যবসা, মজুদ, সরবরাহ বা বিতরণ করা যাবে না।

গ। স্বর্ণ, জুয়েলারি ও স্বর্ণজাত পণ্যের ব্যবসা/কারিগরি কার্যক্রমের ক্ষেত্রে স্বর্ণ (সংগ্রহ, মজুদ ও বিতরণ) আদেশ-১৯৮৭ এবং প্রযোজ্য অন্যান্য আইন/বিধি অনুযায়ী প্রয়োজনীয় লাইসেন্স গ্রহণ করতে হবে।

ঘ। যেসব ব্যবসায়ী/প্রতিষ্ঠান ইতোমধ্যে ডিলিং লাইসেন্স গ্রহণ করেছেন, তারা লাইসেন্সের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে সময়মতো লাইসেন্স নবায়ন করবেন।

ঙ। ডিলিং লাইসেন্স গ্রহণ ব্যতীত ব্যবসা পরিচালনা অথবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করা হলে সংশ্লিষ্ট ব্যবসায়ী/প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রচলিত আইন, আদেশ ও বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চ। যেসব ব্যবসায়ী/প্রতিষ্ঠান অত্যাৱশ্যকীয় পণ্যের ব্যবসা পরিচালনা করছেন কিন্তু ডিলিং লাইসেন্স গ্রহণ করেননি, তারা জেলা প্রশাসক, সুনামগঞ্জ বরাবর প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করে প্রযোজ্য ডিলিং লাইসেন্স গ্রহণ করবেন। আবেদন সংক্রান্ত বিষয়ে সহকারী কমিশনার, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ (মোবাইল: ০১৭৩০-৩৩১১০৬)-এর সাথে যোগাযোগ করা যাবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ গণবিজ্ঞপ্তি যথাযথভাবে প্রচার ও প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১৭-০৯-২০২৬

মোঃ মতিউর রহমান খান
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ফোন : ০২৯৯৮৮৪২৯০৪

ইমেইল : adcgusunamgonj@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। বিভাগীয় কমিশনার, সিলেট।

২। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ (ডিলিং লাইসেন্স ব্যতীত ট্রেড লাইসেন্স নবায়ন না করার নিমিত্ত এ-জেলার সকল ইউ/পি চেয়ারম্যানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।

৪। প্রশাসক, পৌরসভা (সকল), সুনামগঞ্জ (তাঁর পৌরসভাধীন ডিলিং লাইসেন্স গ্রহণের জন্য উপযুক্ত ব্যবসা প্রতিষ্ঠানসমূহের ডিলিং লাইসেন্স ব্যতীত ট্রেড লাইসেন্স নবায়ন না করার অনুরোধসহ)।

৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ (তাঁর উপজেলাধীন ডিলিং লাইসেন্স গ্রহণের জন্য উপযুক্ত সকল ব্যবসা প্রতিষ্ঠানের নিকট বিজ্ঞপ্তি জারি করার এবং মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধসহ)।

৬। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি মাইকযোগে প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৭। সহকারী কমিশনার (ভূমি)/সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), সুনামগঞ্জ (ডিলিং লাইসেন্সবিহীন ব্যবসা প্রতিষ্ঠানসমূহকে লাইসেন্সের আওতায় আনার নিমিত্ত নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধসহ)।

৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা (বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)।

৯। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সুনামগঞ্জ (জেলার সকল ব্যবসায়ী সমিতির নিকট বিজ্ঞপ্তি জারি এবং ডিলিং

লাইসেন্স গ্রহণে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১০। সম্পাদক, দৈনিক সুনামকণ্ঠ/দৈনিক সুনামগঞ্জের খবর, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে তাঁর পত্রিকায় প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১১। সভাপতি/সাধারণ সম্পাদক, ... ব্যবসায়ী সমিতি, সুনামগঞ্জ (তাঁর সমিতির আওতাধীন ব্যবসায়ীদের নিকট বিজ্ঞপ্তিটি জারি এবং ডিলিং লাইসেন্স গ্রহণের জন্য উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)।

১২। ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপক....., সুনামগঞ্জ।

১৩। অফিস কপি, মাস্টার ফাইল।

